কোভিড-১৯ সম্বন্ধীয় কাজ থেকে বেতনভুক্ত ছুটি

ফ্যামিলিস ফার্স্ট করোনাভাইরাস রিলিফ এ্যাক্ট (এফএফসিআরএ) আইন সম্মন্ধে জানুন

দি এউ এস কংগ্রেস ফ্যামিলিস ফার্স্ট করোনাভাইরাস রিলিফ এ্যাক্ট (এফএফসিআরএ) নামে মার্চ মাসে একটি আইন পাশ করেছে। এফএফসিআরএ আইনটি কর্মক্ষেত্রের কিছু মালিকদের তাদের কর্মচারীদেরকে কোভিড-১৯ জনিত কারনে বেতনভুক্ত ছুটি অথবা বর্ধিত পারিবারিক ও চিকিৎসা বাবদ ছুটি দেওয়ার কথা বলে।

কোভিড-১৯ জনিত উপসর্গের বা অসুস্থতার কারনে ছুটিতে থাকলে আমি কি বেতন পাব?

আপনি ছুটিতে থাকাকালীন আপনাকে বেতনের অর্থ প্রদান করা হবে কিনা তা আপনার নিয়োগকর্তার বেতনভুক্ত ছুটির নীতিগুলোর উপর নির্ভর করবে। আপনি যদি বেতনভুক্ত ছুটির জন্য উপযুক্ত না হন অথবা আপনি বেতনভুক্ত ছুটি কাটানোর জন্য পর্যাপ্ত সময় অর্জন না করে থাকেন, আপনার ছুটি অবেতনভুক্ত হতে পারে তবে আপনি বেকারত্ব সুবিধার জন্য উপযুক্ত হতে পারেন , বা আপনি এফএফসিআর এর অধীনে প্রদত্ত ছুটির জন্য যোগ্য হতে পারেন।

এফএফসিআরএ-এর বেতনভুক্ত অসুস্থতা ছুটির যোগ্যতা

এফএফসিআরএ-এর অধীনে, আপনি যদি কাজ করতে না পারেন তবে আপনি দু'সপ্তাহের বেতনভুক্ত অসুস্থতা ছুটির জন্য যোগ্য হতে পারেন কারণ আপনিঃ

- একটি ফেডারেল, রাজ্য বা স্থানীয় সরকারের অধীনে কোয়ারেন্টাইনে আছেন
- একজন স্বাস্থ্যসেবাদানকারী কোভিড-১৯ জনিত কারনে আপনাকে কোয়ারেন্টাইনে থাকতে পরামর্শ দিয়েছেন
- কোভিড-১৯ জনিত উপসর্গগুলো আছে এবং আপনি চিকিৎসা নির্ণয় করাচ্ছেন
- এমন কারও সেবাদান করছেন যিনি কোভিড-১৯ জনিত কারনে কোয়ারেন্টাইনে আছেন
- একটি শিশুর দেখাশুনা করছেন যার স্কুল বা সেবাদানকারী প্রতিষ্ঠানটি কোভিড-১৯ জনিত কারনে বন্ধ আছে
- অন্য যে কোন অনুরূপ অবস্থার উল্লেখযোগ্যভাবে সম্মুখীন হচ্ছেন

ছুটির সময়সীমা

উপোরোল্লিখিত (১) এবং (৪) - (৬) এর কারণে, পূর্ণ ঘন্টার ছুটির জন্য যোগ্য এবং ৮০ সময়ের কর্মচারীরা-খণ্ডকালীন কর্মচারীরা দুই সপ্তাহ সময়কালে গড়ে যত ঘন্টা কাজ করেন সেই সময়ের ছুটির জন্য উপযুক্ত।

(৫) এর কারণেঃ একজন পূর্ণ-সময়ের কর্মচারী সপ্তাহে ৪০ ঘন্টা করে ১২ সপ্তাহ অবধি ছুটির জন্য উপযুক্ত এবং কোনও খণ্ডকালীন কর্মচারী সেই সময়ের মধ্যে কর্মচারী সাধারণত যে পরিমাণ ঘন্টা কাজ করেন সে পরিমাণ ছুটির জন্য উপযুক্ত।

আমার নিয়োগকর্তা কি আমার কাজে ফেরার শর্তস্বরূপ আমার জ্বর মাপা বা চিকিৎসকের অনুমতিপত্র চাইতে পারে?

হ্যাঁ, যদি সকল কর্মচারী একই চিকিৎসা প্রয়োজনীয়তার আওতায় পরেন। আপনার নিয়োগকর্তার এই চিকিৎসা ব্যয়গুলোর জন্য অর্থ প্রদানের প্রয়োজন নেই।

বর্ধিত পারিবারিক ছুটি (ইএফএমএলএ)

এফএফসিআরএ-এর অধীনে, আপনি যদি কোভিড-১৯ সম্পর্কিত কারণে স্কুল বা সেবাদানকারী প্রতিষ্ঠানটি বন্ধ করে দেওয়ায় আপনার সন্তানের দেখাশোনা করছেন তবে আপনি বর্ধিত পারিবারিক ছুটির (ইএফএমএলএ) জন্য যোগ্য হতে পারেন।

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১৮ জুন, ২০২০।

GLOBAL DETROIT

কোভিড-১৯ সম্বন্ধীয় কাজ থেকে বেতনভুক্ত ছুটি

ফ্যামিলিস ফার্স্ট করোনাভাইরাস রিলিফ এ্যাক্ট (এফএফসিআরএ) আইন সম্মন্ধে জানুন

যদি এটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয় তবে আপনি ১২ সপ্তাহ অবধি ছুটি পাওয়ার যোগ্য হতে পারেন (দুই সপ্তাহের বেতনভুক্ত অসুস্থতা ছুটি, তারপরে ১০ সপ্তাহের বেতনভুক্ত পারিবারিক এবং চিকিৎসা বাবদ ছুটি)।

আমি কি যোগ্য?

ইএফএমএলএ-এর যোগ্য হওয়ার জন্য, আপনাকে এমন কোনও নিয়োগকর্তার সাথে কাজক করতে হবে যাদের ৫০০ এরও কম কর্মচারী আছে এবং তারা কমপক্ষে ৩০ টি ক্যালেন্ডার দিনের জন্য বেতনভুক্ত রয়েছেন। সকল পূর্ণকালীন এবং খণ্ডকালীন কর্মচারীরা যোগ্য (এতে ১০৯৯ নিয়ে কাজ করা ঠিকাদার অন্তর্ভুক্ত নয়)। নিয়োগকর্তারা ইএফএমএলএ বা এফএফসিআরএ-এর অসুস্থতা ছুটির অধীনে প্রদত্ত মজুরির জন্য তা পরিশোধের জন্য ট্যাক্স ক্রেডিট চাইতে পারেন, সুতরাং যে কর্মচারীদের "ক্যাশ টাকায় অর্থ" দেওয়া হয় সম্ভবত তারা এফএফসিআরএ-এর অধীনে বেতনভুক্ত ছুটি পেতে সক্ষম হবেন না।

৫০ জনের কম কর্মচারী সহ কিছু ছোট ব্যবসায়ের ক্ষেত্রে ছাড় দেওয়া যেতে পারে, সুতরাং আপনার নিয়োগকর্তার সাথে আপনার এফএফসিআরএ-এর ছুটির বিকল্প অপশনগুলো নিয়ে আলোচনা করা উচিত।

অভিবাসন স্থিতি কি এফএফসিআরএ-এর অধীনে বেতনভুক্ত চিকিৎসা বাবদ বা পারিবারিক ছুটির উপর কোন প্রভাব ফেলবে?

এফএফসিআরএ-এর আওতায় বেতনভুক্ত অসুস্থ ছুটি বা ইএফএমএলএ-এর জন্য যোগ্যতার উপর অভিবাসন স্থিতি সম্পর্কিত-কোনও বিধিনিষেধ নেই।

আমি কিভাবে বেতনভুক্ত ছুটির অনুরোধ করব?

আপনার বেতনভুক্ত ছুটির অপশনগুলো সম্পর্কে আপনার নিয়োগকর্তাকে (লিখিতভাবে, যদি সম্ভব হয়) জিজ্ঞাসা করা উচিত। যদি আপনার নিয়োগকর্তা অব্যাহতি পেয়ে থাকেন, তবে আপনি এফএফসিআরএ-এর মাধ্যমে বেতনভুক্ত ছুটির আবেদন করতে পারবেন না। যদি অব্যাহতি পেয়ে না থাকেন, তবে তারা সম্ভবত আপনাকে ছুটির জন্য অনুরোধ সম্পর্কিত আরও তথ্যের সাথে একটি ফর্ম পূরণ করতে বলবে।

আপনার কি আরও অতিরিক্ত তথ্যের বা আইনগত সহায়তা প্রয়োজন?

আপনি যদি একজন উকিলের সাথে এইসব বিষয় নিয়ে কথা বলতে চান, তাহলে সুগার লো-এর সাথে যোগাযোগ করুন mail@sugarlaw.org অথবা (৩১৩) ৯৯৩-৪৫০৫. সুগার লো-এর কাছে এইসব বিষয়ে আরও কিছু তথ্য রয়েছে যা জানতে নিচের ওয়েবসাইট ভিজিট করুন;

https://www.sugarlaw.org/resources-for-workers-during-coronavirus-pandemic

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১৮ জুন, ২০২০।

GLOBAL DETROIT